

## প্রথম আলো

# কুমিল্লায় জাতিসংঘ তথ্যকেন্দ্রের অনুষ্ঠানে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় ছাত্র-ছাত্রীদের সুশিক্ষার বিকল্প নেই

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা

কুমিল্লায় জাতিসংঘ তথ্যকেন্দ্রের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা বলেছেন, বিশ্বায়নের যুগে শিক্ষার্থীদের একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। এ জন্য সুশিক্ষার বিকল্প নেই। সুশিক্ষা থাকলেই দারিদ্র্য বিমোচনসহ নানা ক্ষেত্রে বিশ্ব এগিয়ে যাবে। তাই জাতিসংঘের ব্যাপারে শিক্ষার্থীদের আগ্রহ গড়ে তুলতে হবে। এ ক্ষেত্রে জাতিসংঘ তথ্যকেন্দ্র ঢাকাসহ দেশব্যাপী তথ্য সরবরাহের চেষ্টা চালিয়ে আসছে।

গতকাল সোমবার বিকেলে কুমিল্লা ডায়ালগিক অ্যাসোসিয়েশনের ডা. যোবায়দা হামান মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন।

অনুষ্ঠানে স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিয়ে কুইজ, ভিডিও প্রদর্শনী, বই বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। এতে কুমিল্লার বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক, শিক্ষার্থী, সাংবাদিক ও অভিভাবকেরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে 'বাংলাদেশে সংস্কৃত উন্নয়ন লক্ষ্যসমূহ এবং মানব উন্নয়ন' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন জাতিসংঘ তথ্যকেন্দ্র (ইউনিক) ঢাকার ভারপ্রাপ্ত কর্মকর্তা কাজী আলী রেজা। তিনি বলেন, দারিদ্র্য বিমোচন, সর্বজনীন প্রাথমিক শিক্ষা, মাতৃমৃত্যু হ্রাস, শিশুমৃত্যু হ্রাস, এইচআইভি, পরিবেশ এবং উন্নত দেশগুলোর উন্নয়ন ও শিক্ষার আটটি শর্তের ওপর সংজ্ঞা থাকতে হবে। এ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষার্থীদের উপরিউক্ত তথ্য জানতে হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ঢাকার ইউনিক রেফারেন্স কর্মকর্তা মো. মনিরুজ্জামান, সোনার বাংলা কলেজের অধ্যক্ষ আবু ছালেক মো. সেলিম রেজা সৌরভ এমিড-সন্ত্রাস নির্মূল কমিটি (এসনক) কুমিল্লার সভাপতি নারীনেত্রী দিলনাশি মোহসেন, পুলিশ লাইন উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. তফাজ্জল হোসেন, প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক কুমিল্লার গাজীউল হক শোহাগ, প্রথম আলো কুমিল্লা বন্ধুসভার সভাপতি রেজাউল হক রানা। অনুষ্ঠানটি পরিচালনা করেন (ইউনিক) ঢাকার ফাহিমনা করিম নিত।

অনুষ্ঠানে কুমিল্লা ডিষ্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা কমান্ড কলেজ, সোনার বাংলা কলেজ, কুমিল্লা জিলা স্কুল, নবাব ফয়জুন্নেসা সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, কুমিল্লা মডার্ন হাইস্কুল, পুলিশ লাইনস উচ্চবিদ্যালয়, রেলওয়ে উচ্চবিদ্যালয় ও স্মৃতি শিক্ষা কানন প্রি-ক্যাডেট উচ্চবিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেয়।

অনুষ্ঠানে কুমিল্লার জনপ্রিয় সংগীতশিল্পী কাজী ইকরাম মোস্তাফিজ পপলু সংগীত পরিবেশন করেন। পরে সন্ধ্যায় কুমিল্লা ক্লাব মিলনায়তনে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।